

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৫]

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯৬: ভ্রমণে তায়াম্মুম

بَابُ التَّيَمُّمِ فِي السَّفَرِ

আরবী

أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ: حَدَّثَنَا أَبِي، عَنْ صَالِحٍ، عَنْ ابْنِ شِهَابٍ، قَالَ: حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ، عَنْ ابْنِ عَبَّاسٍ، عَنْ عَمَّارٍ، قَالَ: عَرَّسَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأُولَاتِ الْجَيْشِ وَمَعَهُ عَائِشَةُ زَوْجَتُهُ فَأَنْقَطَعَ عِقْدُهَا مِنْ جَزَعِ ظَفَارٍ، فَحُبِسَ النَّاسُ ابْتِغَاءَ عِقْدِهَا ذَلِكَ حَتَّى أَضَاءَ الْفَجْرُ وَلَيْسَ مَعَ النَّاسِ مَاءٌ، فَتَغَيَّظَ عَلَيْهَا أَبُو بَكْرٍ، فَقَالَ: حَبَسْتَ النَّاسَ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ، فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ رُخْصَةً التَّيَمُّمِ بِالصَّعِيدِ، قَالَ: فَقَامَ الْمُسْلِمُونَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَضَرَبُوا بِأَيْدِيهِمُ الْأَرْضَ ثُمَّ رَفَعُوا أَيْدِيَهُمْ وَلَمْ يَنْفُضُوا مِنَ التُّرَابِ شَيْئًا، فَمَسَحُوا بِهَا وُجُوهَهُمْ وَأَيْدِيَهُمْ إِلَى الْمَنَاكِبِ وَمِنْ بَطُونِ أَيْدِيهِمْ إِلَى الْإِبَاطِ .

تخريج دارالدعوة: سنن أبي داود/الطهارة ١٢٣ (٣٢٠)، (تحفة الأشراف ١٠٣٥٧) مسند احمد ٢/٢٦٣، ٢٦٤ - (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 315 - صحيح

বাংলা

৩১৪. মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া ইবনু আবদুল্লাহ (রহ.) 'আম্মার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন রাসূলুল্লাহ (সা.) শেষ রাতে উলাতুল জায়শ নামক স্থানে গিয়ে অবতরণ করলেন। আর তার সঙ্গে ছিলেন তার স্ত্রী 'আয়িশাহ্ (রাঃ)। তার ইয়ামানী মোতির হার হারিয়ে গেলে এর খোঁজে সমস্ত লোক আটকা পড়ল। অবশেষে ভোর হয়ে গেল

অথচ লোকদের পানি ছিল না যার দরুন আবু বকর (রাঃ) তার ওপর রাগান্বিত হয়ে বলেন, তুমি লোকদের আটকিয়ে রেখেছ অথচ তাদের সাথে পানি নেই। তখন আল্লাহ তা'আলা মাটি দ্বারা তায়াম্মুম করার অনুমতি সংক্রান্ত আয়াত নাযিল করলেন। বর্ণনাকারী বলেন, তখন মু'মিনগণ রাসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে উঠে মাটিতে নিজেদের হাত মারলেন আর তাদের হাত উঠালেন এবং হাত থেকে মাটি একটুও ঝাড়লেন না বরং তা দিয়ে তাদের চেহারা ও হাত কাঁধ পর্যন্ত মাসাহ করলেন আর তাদের হাতের তালু দিয়ে। বগল পর্যন্ত মাসাহ করলেন।

English

196. Tayammum During A Journey

It was narrated that 'Ammar said: The Messenger of Allah (ﷺ) stopped to rest at the end of the night in Uulat Al-Jaish. His wife 'Aishah was with him and her necklace of Zifar beads [1] broke and fell. The army was detained looking for that necklace of hers until the break of the light of dawn and the people had no water with them. Abu Bakr got angry with her and said: 'You have detained the people and they do not have any water.' Then Allah the Mighty and Sublime revealed the concession allowing Tayammum with clean earth. So the Muslims got up with the Messenger of Allah (ﷺ) and struck with their hands, then they raised their hands and did not strike them together to knock off any dust, then they wiped their faces and arms up to the shoulders, and from the inner side of their of their arms up to the armpits. [1] Black and white Yemeni beads.

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৩২০, সহীহ আবু দাউদ ৩৩৭, মুসনাদে আহমাদ ১৮৩৪৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86585>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন